



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
www.iresppw-brdb.gov.bd/Fax:8189029


স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.৪০৪.১৩-৩৬২৪

তারিখঃ ০৫/৪/২০১৬ খ্রিঃ

বিষয় : সুফলভোগীদের ছবি, নমুনা স্বাক্ষর এবং মোবাইল নম্বর মাইক্রোফিন্যান্স এমআইএস সফটওয়্যারে এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের সুফলভোগীদের নামের তালিকাসহ তথ্য আগামী ৩০/০৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। জরুরী ভিত্তিতে সুফলভোগীদের ছবি, নমুনা স্বাক্ষর/টিপসই এবং মোবাইল নম্বর (সুফলভোগীর নিজের মোবাইল না থাকিলে পরিবারের যে কোন সদস্যের নম্বর, পরিবারের কোন সদস্যের মোবাইল না থাকিলে প্রয়োজনে সমিতির ম্যানেজারের মোবাইল নম্বর ব্যবহার করা যাবে) মাইক্রোফিন্যান্স এমআইএস সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য, ইতোপূর্বে এ সংক্রান্ত বিষয়ে নির্দেশনা প্রদান করা হলেও অধিকাংশ উপজেলাই উক্ত কাজসমূহ সম্পাদন করেননি। তাই কোন উপজেলায় উক্ত কাজসমূহ সম্পাদন করা না হলে প্রয়োজনে সাপ্তাহিক বন্ধের দিনেও কাজ করে উল্লেখিত সময়ের মধ্যে এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। এমতাবস্থায়, প্রকল্পভুক্ত সমিতি সমূহের সুফলভোগীদের ছবি, নমুনা স্বাক্ষর/টিপসই এবং মোবাইল নম্বর আগামী ২৫/০৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে মাইক্রোফিন্যান্স এমআইএস সফটওয়্যারে এন্ট্রি করা এবং কাজটি নির্ধারিত সময়ে সম্পাদনের স্বার্থে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনে সাপ্তাহিক ছুটিদিনেও কাজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (IRESPPW)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
-----উপজেলা,  
-----জেলা।

অনুলিপি বিতরণঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, উপজেলাঃ-----, জেলাঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপ পরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।